



বাংলাদেশ হাই কমিশন, নাইরোবি, কেনিয়া
High Commission for the People's Republic of
Bangladesh
337 Runda Road, Nairobi, Kenya



বিএইচএন/দিবস/ ২০২০

১৫ আগস্ট ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

নাইরোবি, ১৫ আগস্ট ২০২০: কেনিয়ার নাইরোবিতে শনিবার, ১৫ আগস্ট দিনব্যাপি কর্মসূচীর মাধ্যমে বাংলাদেশের হাই কমিশন যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী ও 'জাতীয় শোক দিবস' পালন করেছে। সকালে মিশন চত্বরে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা অর্ধনমিত করেন হাই কমিশনার মেজর জেনারেল মোঃ জাহাঙ্গীর কবির তালুকদার। মিশনের কর্মকর্তা-কর্মচারীরা এসময় উপস্থিত ছিলেন। এরপর হাই কমিশনার জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। দুপুরে স্থানীয় মসজিদে এক বিশেষ দোয়া আর বিকেলে মিশনে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

করোনার সতর্কতায় স্বাস্থ্যবিধি অনুসরণ করে মিশন চত্বরে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে উল্লেখযোগ্য সংখ্যক ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন। জাতির পিতা ও ১৫ আগস্টের কালোরাতে শাহাদাত বরণকারী তাঁর পরিবারের সদস্য ও অন্যান্য ব্যক্তিবর্গের স্মৃতির সম্মানে এক মিনিট নিরবতা পালনের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। বক্তারা জাতির পিতার কর্মময় জীবন ও মহান অবদান শ্রদ্ধা ও কৃতজ্ঞতায় স্মরণ করে বলেন, তাঁর আত্ম লালিত স্বপ্ন ছিলো ক্ষুধা ও দারিদ্রমুক্ত 'সোনার বাংলা' গড়া।

হাই কমিশনার বক্তব্যের শুরুতে জাতির পিতা আর ১৫ আগস্টের শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বলেন, এ মহান নেতা আমাদের একটি মানচিত্র ও পতাকা দেবার জন্যে তাঁর সারা জীবন উৎসর্গ করে গেছেন। জাতির পিতার হত্যার রায় কার্যকর হওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, বিশ্বব্যাপী করোনা মহামারীর মধ্যেও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের আর ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এই মহামারীর অভিঘাত থেকে উত্তরণ আর বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' প্রতিষ্ঠায় স্ব-স্ব অবস্থান থেকে অবদান রাখার জন্যে তিনি আহ্বান জানান।

(সায়েম আহমেদ)
কাউন্সেলর ও দূতালয় প্রধান